

বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) Bangladesh Institute of Research & Training on Applied Nutrition (BIRTAN) www.ban-brdh.gov.bd

পরিচিতি

বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) জনগণের পুষ্টির অবস্থা উন্নয়ন ও জনস্বাস্থ্যের উন্নত সাধনের লক্ষ্যে ১৯৬৮ সাল থেকে কাজ করে আসছে। দেশে খাদ্য ও পুষ্টি সম্পর্কিত সচেতনতা বৃদ্ধির মাধ্যমে জনস্বাস্থ্যের উন্নয়ন তথা প্রয়োজনীয় সুস্বাদু খাদ্য নিশ্চিতকরণের উদ্দেশ্যে বারটান কৃষি সেটরে খাদ্য ভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। খাদ্য ভিত্তিক পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ ও মাঠ গবেষণার মাধ্যমে দক্ষ জনশক্তি তৈরী, পুষ্টিহীনতা দূরীকরণ, বেকার সমস্যা সমাধান ও আত্মনির্ভরশীলতার মাধ্যমে দারিদ্র্য বিমোচনে শক্তিশালী ভূমিকা রাখা তথা জাতীয় উন্নয়নে অবদান রাখা প্রতিষ্ঠানটির লক্ষ্য।



পুষ্টি উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনে ক্ষুদ্র উদ্যোক্তাদের জন্য খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ শীর্ষক কর্মশালা

জনগণের পুষ্টির স্বর উন্নয়নের লক্ষ্যে নিরাপদ ও প্রয়োজনীয় সুস্বাদু খাদ্য নিশ্চিতকরণপূর্বক জনস্বাস্থ্য উন্নয়নের জন্য খাদ্যভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) গবেষণা ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা ও বাস্তবায়নকল্পে বর্তমান সরকার বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) আইন-২০১২ মহান জাতীয় সংসদে পাস করে। যা বাংলাদেশ গেজেটে ১৯ জুন/২০১২ ইং তারিখে প্রকাশিত হয়। বর্তমানে নোয়াখালী, বরিশাল, সিরাজগঞ্জ ও সিলেট এ চারটি আঞ্চলিক কেন্দ্রের মাধ্যমে এ সংস্থার কার্যক্রম পরিচালিত হচ্ছে।

কার্যক্রম ও অর্জন

- বর্তমান সরকারের আমলে মহান জাতীয় সংসদ কর্তৃক বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট আইন-২০১২ পাস হয়েছে এবং ১৯ জুন ২০১২ইং তারিখে ১৮নং আইন হিসেবে বাংলাদেশ গেজেটে প্রকাশ
- ২০১২ সনে নারায়ণগঞ্জ জেলার আড়াইহাজার উপজেলায় ইনস্টিটিউট এর অনুকূলে ১০০ একর জমি অধিগ্রহণ
- অধিকপ্রদর্শকৃত ১০০ একরের মধ্যে ৭০ একর জমির মাটি ভরটি সম্পন্ন করা
- খাদ্য ভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) বিষয়ে উপ-সহকারী কৃষি কর্মকর্তা, স্কুল শিক্ষক, এনজিও কর্মী, ইমাম, সমাজকর্মী, কৃষক-কৃষালীসহ মোট ১৬৬৬২ জনকে ৩ দিনব্যাপী প্রশিক্ষণ প্রদান

- খাদ্য ভিত্তিক পুষ্টি (কলিত পুষ্টি) বিষয়ে ১ম শ্রেণির ৬৫ জন কর্মকর্তাকে সম্বাহব্যানী প্রশিক্ষণ প্রদান
- Dissemination of Nutrition Information among Formal and Non Formal Teachers শীর্ষক এবং Dissemination of Nutrition Information among School Teachers শীর্ষক প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন
- পুষ্টি উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনে ১২০ জন মুদ্র উদ্যোগীদের জন্য খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ শীর্ষক প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন
- সিলেট, রাজশাহী, রংপুর ও দিনাজপুর জেলায় 'মানব দেহে রক্ত ও রাসায়নিক দ্রব্য মিশ্রিত খাদ্যের সম্ভাব্য প্রভাব' শীর্ষক কর্মশালা সহকারী কমিশনার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপসহকারী কৃষি কর্মকর্তা, শিক্ষক, এনজিওর নির্বাহী প্রধান ও ইমামসহ মোট ২৪০ জনের উপস্থিতিতে বাস্তবায়ন



বারটান এর উন্নয়ন কার্যক্রম পরিদর্শন করছেন মাননীয় সংসদ সদস্য ও কৃষি মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ

- কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-সহকারী কৃষি কর্মকর্তা, শিক্ষক, এনজিও কর্মী ও ইমামসহ ৫০ জনকে Awareness Building on the Importance of Nutrition Information শীর্ষক প্রশিক্ষণ প্রদান
- শীতকালীন ও গ্রীষ্মকালীন শাকসবজির বীজ ও ফলের চারা বিতরণ ৪,০০০ পরিবার
- বারটান প্রধান কার্যালয়ের অন্তর্গত নারায়ণগঞ্জ জেলার আড়াইহাজার উপজেলায় এবং আঞ্চলিক কেন্দ্রের অধীন (নোয়াখালী, বরিশাল, সিরাজগঞ্জ ও সিলেট) নির্বাচিত পরিবারসমূহে ভিটামিন-এ, ভিটামিন-সি সমৃদ্ধ শাকসবজি ও ফলের চারা, বনজ ও তেঁতুল গাছের চারা এবং পুষ্টিমান সমৃদ্ধ বিভিন্ন ধরণের শীতকালীন ও গ্রীষ্মকালীন শাকসবজির বীজ বিনামূল্যে বিতরণ।
- বারটানের কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে ১৬২.০০ (একশ বাষট্টি) কোটি টাকা ব্যয়ে “বাংলাদেশ কলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) -এর অবকাঠামো নির্মাণ ও কার্যক্রম শক্তিশালীকরণ” প্রকল্প জুলাই, ২০১৩ হতে জুন, ২০১৭ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের আওতায় ৪ (চার) টি আঞ্চলিক কেন্দ্রের (বিনাইদহ, নেত্রকোনা, সুনামগঞ্জ ও রংপুর) জমি অধিগ্রহণ এবং প্রধান কার্যক্রম (আড়াইহাজার, নারায়ণগঞ্জ) এবং ৭ (সাত) টি আঞ্চলিক কেন্দ্রের (সিরাজগঞ্জ, বরিশাল, নোয়াখালী, বিনাইদহ, নেত্রকোনা, সুনামগঞ্জ ও রংপুর) অফিস ভবন, গবেষণাগার, প্রশিক্ষণ কেন্দ্র, ডরমেটরী বিল্ডিং, স্কুল ভবন, মসজিদ, আবাসিক ভবনসহ বিভিন্ন অবকাঠামো নির্মাণ করা হবে।
- গত ২৪/০৮/২০১৩ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী আড়াইহাজারে অবস্থিত বারটান এর প্রধান কার্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।